ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১০৫৪

অমরপুর, ৫ জুন, ২০২৫

**অমরপুরে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন**

বন দপ্তরের উদ্যোগে আজ অমরপুরে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করা হয়। সকালে মহকুমা বন দপ্তরের কার্যালয় প্রাঙ্গণ থেকে একটি র‍্যালি অমরপুর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এতে 'গাছ লাগান প্রাণ বাঁচান', 'গাছ লাগিয়ে পরিবেশ রক্ষা কর' ইত্যাদি লেখার প্লেকার্ড, ব্যানার হাতে নিয়ে বিভিন্ন দপ্তরের কর্মীরা, ক্লাব-এনজিও সদস্যগণ অংশগ্রহণ করেন। শেষে অমরপুর ফরেষ্ট রেঞ্জ কার্যালয় থেকে বিনামূল্যে বিভিন্ন জাতের গাছের চারা বিতরণ করা হয়। অন্যদিকে ৪১-অম্পিনগর ও ৪২-অমরপুর বিধানসভা কেন্দ্রের প্রতিটি ভোট কেন্দ্রের জন্য অম্পি ফরেষ্ট রেঞ্জ কার্যালয় ও অমরপুর ফরেষ্ট রেঞ্জ কার্যালয় থেকে বিএলও-দের হাতে বিভিন্ন জাতের গাছের চারা বিনামূল্যে বিতরণ করা হয়। বিএলও-গণ নিজ নিজ ভোটকেন্দ্রে চারা গাছগুলিকে রোপণ করবেন।

*****